Ministry of Health

# কোভিড-১৯ টীকা সংক্রান্ত তথ্য পত্র

সংস্করণ ৫.0 ( Version 5.0) – এপ্রিল ১, ২০২১

এই ডকুমেন্টটির উদ্দেশ্য শুধুমাত্র মূল তথ্য প্রদান করার এবং চিকিৎসার জন্য পরামর্শ, রোগ নির্ণয় বা চিকিৎসা করার, অথবা আইনি উপদেশ প্রদান করার বা গ্রহণ করার উদ্দেশ্যের জন্য এটি নয়।

আজ পর্যন্ত, নিম্নলিখিত কোভিড-১৯ টীকা কানাডায় ব্যবহারের জন্য হেলথ কানাডা দ্বারা অনুমোদিত হয়েছে: ফাইজার-বায়োএনটেক কোভিড-১৯ টীকা, মডার্না কোভিড-১৯ টীকা, অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯ টীকা, কোভিশিল্ড কোভিড-১৯ টীকা, এবং জনসেন কোভিড-১৯ টীকা. কানাডার জন্য সরবরাহ নিশ্চিত হয়ে গেলে জনসেন কোভিড-১৯ টীকা সম্পর্কে তথ্য এই ডকুমেন্টে যোগ করা হবে। হেলথ কানাডা দ্বারা কঠোর মান ব্যবহার করে মূল্যায়ন করার পরেই কোভিড-১৯-এর জন্য সকল টীকা কানাডায় ব্যবহারের জন্য অনুমোদিত হয়েছে। হেলথ কানাডা সব টীকার পর্যবেক্ষণ চালিয়ে যাবে যাতে সেগুলি নিরাপদ এবং কার্যকর হয়।

**অনুগ্রহ করে এই ডকুমেন্টটি মনোযোগ সহকারে পড়ুন এবং টীকা পাওয়ার আগে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে আপনার সমস্ত প্রশ্নের উত্তর পাওয়াটা নিশ্চিত করুন।**

## কোভিড-১৯ কি

কোভিড-১৯ হোল একটি নতুন করোনাভাইরাস (SARS-COV-2) দ্বারা সৃষ্ট একটি সংক্রমণ। কোভিড-১৯ ২০১৯ সালের ডিসেম্বর মাসে প্রথমবারের মত সংক্রামিত হয় এবং তারপর সারা বিশ্বে ছড়িয়ে পড়ে একটি মহামারীর সৃষ্টি করে। একজন আক্রান্ত ব্যক্তি থেকে অন্যদের কাছে কোভিড-১৯ প্রধানত ছড়ায় যখন আক্রান্ত ব্যক্তি কাশি, হাঁচি, গান গায়, কথা বলে অথবা নিশ্বাস নেয়। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আক্রান্ত ব্যক্তিরা যাদের রোগের কোন লক্ষন নেই তারাও এই সংক্রমণ ছড়াতে পারে। কোভিড-১৯-এর লক্ষণগুলির মধ্যে থাকতে পারে কাশি, শ্বাসকষ্ট, জ্বর, সর্দি, ক্লান্তি এবং গন্ধ বা স্বাদ হারানো। এই ভাইরাসে আক্রান্ত কিছু ব্যক্তির কোন লক্ষন দেখা যায় না, আবার অন্যদের লক্ষন সামান্য থেকে তীব্র দেখা যায়।

### কোভিড-১৯ টীকা কিভাবে কোভিড-১৯ থেকে রক্ষা করে?

সকল টীকাই আমাদের শরীরে এমন কিছু একটি প্রবেশ করায় যা সংক্রমণের মত দেখায়, যাতে আমাদের শরীর নিজের প্রাকৃতিক সুরক্ষা উৎপাদন করে রোগ প্রতিরোধ করার ক্ষমতা শিখতে পারে। এই প্রাকৃতিক সুরক্ষা ভবিষ্যতে অসুস্থতা প্রতিরোধ করতে সাহায্য করে যদি আপনি ভবিষ্যতে কোভিড-১৯ ভাইরাসের সংস্পর্শে আসেন। **আপনি টীকা নেওয়া থেকে কোভিড-১৯ রোগটি পেতে পারেন না।**

কোভিড-১৯ টীকা কিভাবে সুরক্ষা প্রদান করে সে সম্পর্কে আরো বিস্তারিত তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটগুলি থেকে পাবলিক হেলথ অন্টারিওস (PHO) কোভিড-১৯ টীকা এবং কোভিড-১৯ টীকা সম্পর্কে আপনার যা জানা প্রয়োজনএবং কোভিড-১৯ টীকাসমূহ:ভাইরাল ভেক্টর ভিত্তিক টীকা।

**কানাডায় ব্যবহারের জন্য অনুমোদিত সমস্ত কোভিড -১৯ টীকাগুলি লক্ষণযুক্ত, ল্যাব-নিশ্চিত রোগের বিরুদ্ধে সুরক্ষা দেওয়ার জন্য কার্যকর।** বড় বড় গবেষণায় যেখানে মানুষদের টীকার উভয় ডোজ দেওয়া হয়েছিল, সমস্ত টীকাগুলি খুব ভাল কাজ করেছিল যাতে লোকেরা লক্ষণগত, ল্যাব-নিশ্চিত কোভিড-১৯ রোগ নিয়ে অসুস্থ হয়ে না পড়ে। প্রথম ডোজের ১৪ দিন পরে এবং দ্বিতীয় ডোজের আগে ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টীকার কার্যকারিতা ৯০% এর বেশি এবং অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ড-এর জন্য ৭০% এর বেশি অনুমান করা হয়। প্রস্তাবিত বিরতি দিয়ে দ্বিতীয় ডোজের পরে ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টীকার কার্যকারিতা ৯০% এর বেশি এবং অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ডের জন্য ৮০% এর বেশি বলে অনুমান করা হয়। এটা গুরুত্বপূর্ণ যে আপনি এই টীকার দুটি ডোজই নেন। টীকার দ্বিতীয় ডোজ না পড়া পর্যন্ত কোভিড-১৯ রোগের বিরুদ্ধে দীর্ঘমেয়াদী সুরক্ষা অর্জন করা যায় না। **কানাডায় ব্যবহারের জন্য অনুমোদিত সমস্ত কোভিড-১৯ টীকাগুলি হাসপাতালে ভর্তির প্রতিরোধে অত্যন্ত কার্যকরী।**

## কে এই টীকাগুলি পেতে পারেন?

টীকার একটি সম্পূর্ণ সিরিজ সকলকে দেওয়া উচিত এবং বর্তমানে চিহ্নিত অগ্রাধিকার গোষ্ঠীগুলিতে যারা আছে সেই ব্যক্তিদেরও দেওয়া উচিত, তা টীকাগুলির প্রতিলক্ষণ যাই হোক না কেন।

- ফাইজার-বায়োএনটেক কোভিড-১৯ টীকা বর্তমানে ১৬ বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য অনুমোদিত।
- মডার্না কোভিড-১৯ টীকা বর্তমানে ১৮ বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য অনুমোদিত।

- অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯ টীকা এবং কোভিশিল্ড বর্তমানে ১৮ বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য অনুমোদিত। বর্তমানে, ন্যাশানাল এডভাইজারি কমিটি অন ইম্মিউনাইজেশান (NACI) সুপারিশ করে যে ৫৫ বছরের কম বয়সী প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯ টীকা এবং কোভিশিল্ড ব্যবহার করা উচিত নয়।

অগ্রাধিকারের ভিত্তিতে এই সময়ে আপনি টীকা পাওয়ার যোগ্য কিনা তা জানতে অনুগ্রহ করে দেখুন অন্টারিও-র কোভিড-১৯ টীকাকরণের পরিকল্পনা।

## টীকা পাওয়ার আগে, স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জানান যে আপনি এই টীকা নিচ্ছেন, আর নিম্নলিখিত কোন লক্ষণগুলি যদি থাকে তা জানান:

- আপনি বর্তমানে অসুস্থ বোধ করছেন বা কোভিড-১৯ এর লক্ষণ এবং উপসর্গ দেখা যাচ্ছে।
- আপনার আগে একটি কোভিড-১৯ টীকা নেওয়ার পরে বা কোভিড-১৯ টীকার কোনও উপাদানের কারণে, বা অন্য কোন টীকা নেওয়ার পরে একটি এলার্জি প্রতিক্রিয়া হয়েছিল।
- আপনার কোনও অ্যালার্জি আছে বা অ্যালার্জি হওয়ার মত অবস্থা রয়েছে।
- আপনি গর্ভবতী বা গর্ভবতী হওয়ার সম্ভাবনা আছে বা শিশুকে স্তন্যপান করাচ্ছেন।
- আপনি রোগ বা চিকিৎসার কারণে ইম্মিউনোসাপ্রেসড বা আপনার একটি অটোইম্মিউন রোগ ধরা পড়েছে।
- অতীতে কোন টীকা নেওয়ার পরে বা কোন চিকিৎসা পাওয়ার পরে আপনি অজ্ঞান হয়ে গেছিলেন বা মাথা ঘুরে গেছিল অথবা আপনার সূঁচের ভয় রয়েছে। স্বাস্থ্যসেবা সরবরাহকারী আপনাকে সাহায্য করতে পারেন, উদাহরণস্বরূপ আপনাকে শুইয়ে দিয়ে টীকা সুপারিশ করতে পারেন যাতে আপনি অজ্ঞান না হয়ে যান।
- আপনার রক্তপাতের ব্যাধি রয়েছে বা আপনি এমন ওষুধ খান যার প্রভাব রক্ত জমাট বাঁধার উপরে পরে। সুঁই থেকে রক্তপাত বা ক্ষত প্রতিরোধ করার জন্য স্বাস্থ্যসেবা সরবরাহকারীকে এই তথ্য সহায়তা করবে।
- গত ১৪ দিনে আপনি অন্য কোনও টীকা পেয়েছেন (যেটি কোভিড-১৯ টীকা নয়)।

বিশেষ ধরনের জনসংখ্যার টীকাকরণের সুপারিশগুলি নির্দেশিকা ডকুমেন্টে পাওয়া যাবে যা স্তন্যপান করানো বা গর্ভবতী মহিলাদের জন্য অতিরিক্ত তথ্য, আর যাদের অ্যালার্জি, অটোইম্মিউন অবস্থা রয়েছে, অথবা রোগ বা চিকিৎসার কারণে ইম্মিউনোকম্প্রোমাইজড আছেন, সেইসাথে কোভিড-১৯ থেকে গুরুতর প্রতিক্রয়ার খুব উচ্চ ঝুঁকিতে থাকা কিশোর-কিশোরীদের জন্যও তথ্য পাওয়া যাবে। আপনার চিকিৎসার অবস্থার উপর ভিত্তি করে টীকাটি আপনার জন্য সঠিক কিনা সে সম্পর্কে আপনার যদি প্রশ্ন থাকে তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

# এই টীকাগুলি পেতে কার বিলম্ব করা উচিত?

- যে ব্যক্তিরা আগের ১৪ দিনের মধ্যে অন্য একটি টীকা(যেটি কোভিড-১৯ টীকা নয়)পেয়েছেন।
- যে ব্যক্তিদের তীব্র অসুস্থতার লক্ষণ রয়েছে; ওই ব্যক্তিদের টীকা সম্পর্কিত পার্শ্ব প্রতিক্রিয়াগুলির অসুস্থতার ফলে আরও কোনও জটিলতাকে এড়াতে, বিদ্যমান লক্ষণগুলির সম্পূর্ণভাবে সমাধান না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিৎ।
- যেই ব্যক্তিদের কোভিড-১৯ রোগের লক্ষণ আছে। কোভিড-১৯ সংক্রমণের ঝুঁকি হ্রাস করার জন্য, যদি এই ব্যক্তিরা কোনও টীকাকরণ ক্লিনিক/ভেন্যুতে পৌঁছায় তবে তাদের বর্তমান স্থানীয় জনস্বাস্থ্য ব্যবস্থা অনুসরণ করতে হবে এবং রোগটির জন্য টেস্ট করতে উৎসাহিত করার নির্দেশ দেওয়া হবে।
- কোভিড-১৯ লক্ষণগত এবং লক্ষণহীন ব্যক্তিদের যাদের কোভিড-১৯ সংক্রমণ হয়ে থাকতে পারে বা নিশ্চিত হয়েছে বা কোন কোভিড-১৯ কেসের সাথে তাদের ঘনিষ্ঠ যোগাযোগ হয়েছে, তাহলে তাদের পরামর্শ দেওয়া হচ্ছে যাতে নিজেদের আলাদাভাবে রাখে এবং যাতে তারা কোনও ভ্যাকসিন ক্লিনিকে উপস্থিত না হয় এবং তাদের আলাদাভাবে থাকার সময় শেষ না হওয়া পর্যন্ত তাদের টীকা পাওয়ার জন্য অপেক্ষা করা উচিত।

# টীকাটি কীভাবে দেওয়া হবে?

টীকাটি উপরের বাহুতে একটি সূঁচের দ্বারা দেওয়া হয়(ডেলটোইড নামক মাংসপেশীতে)। প্রভিন্সটি ন্যাশানাল এডভাইজারী কমিটি অন ইম্মিউনাইজেশান(NACI)-র সুপারিশ অনুসরণ করছে যাতে ফাইজার-বায়োএনটেক, মডার্না এবং অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ড টীকাগুলির জন্য কোভিড-১৯-এর প্রথম ডোজ এবং দ্বিতীয় ডোজের মধ্যে ৪ মাস পর্যন্ত গ্যাপ বাড়ানো যায়।

- ফাইজার-বায়োএনটেক টীকার দ্বিতীয় ডোজের জন্য প্রস্তাবিত বিরতি হোল প্রথম ডোজের ৪ মাস পরে।
- মডার্না টীকার দ্বিতীয় ডোজের জন্য প্রস্তাবিত বিরতি হোল প্রথম ডোজের ৪ মাস পরে।
- অ্যাস্ট্রাজেনেকা এবং কোভিশিল্ড টীকাগুলির দ্বিতীয় ডোজের জন্য প্রস্তাবিত বিরতি হোল প্রথম ডোজের ৪ মাস পরে।

প্রতি ব্যক্তির তাদের সম্পূর্ণ ভ্যাকসিন সিরিজ পাওয়ার জন্য একই কোভিড-১৯ টীকা গ্রহণ করা উচিত (অর্থাৎ ব্যক্তিদের তাদের প্রথম এবং দ্বিতীয় ডোজের জন্য একই টীকা পাওয়া উচিত)। বিভিন্ন ধরণের ভ্যাকসিন (যেমন এমআরএনএ(mRNA), ভাইরাল ভেক্টর(viral vector))এদের আলাদা আলাদা ভ্যাকসিন হিসাবে বিবেচনা করা উচিত এবং একই সিরিজে ব্যবহার করা উচিত নয়।

## কী কী উপাদান দিয়ে টীকাগুলি তৈরি করা হয়েছে?

| উপকরণ | | ফাইজার-বায়োএনটেক | মডার্না | অ্যাস্ট্রাজেনেকা / এবং কোভিশিল্ড |
|---|---|---|---|---|
| মেডিকেল | | • এমআরএনএ (mRNA) | • এমআরএনএ (mRNA) | • অ-প্রতিরূপকারী ভাইরাল ভেক্টর (ChAd) |
| মেডিকেল নয় Non-medical | লিপিড | • এএলসি-০৩১৫ (ALC-0315)<br>• এএলসি-০১৫৯ (ALC-0159)- একটি পলিইথিলিন গ্লাইকল(PEG)<br>• ১,২-ডিস্টেয়ারয়ল-এস এন-গ্লিসেরো-৩-ফসফোকোলিন (DSPC)<br>• কোলেস্টেরল | • ১,২-ডিস্টেয়ারয়ল-এস এন-গ্লিসেরো-৩-ফসফোকোলিন (DSPC)<br>• কোলেস্টেরল<br>• পেগ২০০০ ডিএমজি এসএম-১০২ (PEG2000 DMG SM-102) | • ডাইসোডিয়াম ইডেটেট ডিহাইড্রেট (EDTA)<br>• ইথানল<br>• এল-হিস্টিডাইন<br>• এল-হিস্টিডাইন হাইড্রোক্লোরাইড মনোহাইড্রেট<br>• পলিসোরবেট ৮০ |
| | লবণ | • ডাইবেসিক সোডিয়াম ফসফেট ডিহাইড্রেট<br>• মোনোবেসিক পটাসিয়াম ফসফেট<br>• পটাসিয়াম ক্লোরাইড<br>• সোডিয়াম ক্লোরাইড | • অ্যাসিটিক অ্যাসিড<br>• সোডিয়াম অ্যাসিটেট ট্রাইহাইড্রেট<br>• ট্রমেথামাইন<br>• ট্রমেথামাইন হাইড্রোক্লোরাইড | • ম্যাগনেসিয়াম ক্লোরাইড হেক্সাহাইড্রেট<br>• সোডিয়াম ক্লোরাইড |
| | চিনি | • সুক্রোজ<br>• ইনজেকশনের জন্য পানি | • সুক্রোজ<br>• ইনজেকশনের জন্য পানি | • সুক্রোজ<br>• ইনজেকশনের জন্য পানি |

এই তালিকাটি সাবধানে পর্যালোচনা করা গুরুত্বপূর্ণ কারণ কোন কোন লোকের এই উপাদানগুলিতে অ্যালার্জি থাকতে পারে, যার মধ্যে রয়েছে **পলিইথিলিন গ্লাইকোল (PEG)**, এবং **পলিসোরবেট ৮০** এবং/অথবা **ট্রমেথামিন।** যাইহোক, এগুলি খুব কমই এলার্জি প্রতিক্রিয়া সৃষ্টি করে। পলিইথিলিন গ্লাইকল (PEG) পাওয়া যায় এই সকল দ্রব্যে

যেমন ঔষধে, কোলনোস্কোপির জন্য প্রস্তুতির ঔষধে, জোলাপে, কাশির সিরাপে, প্রসাধনীতে, ত্বকের ক্রিমে, ত্বকের চিকিৎসার ঔষধে এবং অপারেশনের সময়, টুথপেস্টে, কন্ট্যাক্ট লেন্সে এবং কন্ট্যাক্ট লেন্সের সোলিউশনে। পলিইথিলিন গ্লাইকল খাবার বা পানীয় জাতীয় দ্রব্যেয়ও পাওয়া যায়, তবে খাবার বা পানীয় থেকে এলার্জি প্রতিক্রিয়া সৃষ্টি হয় বলে জানা জানা নেই। পলিসোরবেট ৮০ চিকিৎসার প্রস্তুতির দ্রব্যে পাওয়া যায় (যেমন ভিটামিন তেল, ট্যাবলেট, এবং অ্যান্টিক্যান্সার এজেন্ট) এবং প্রসাধনীতেও পাওয়া যায়। ট্রমেথামিন কনট্রাস্ট মিডিয়ার, মুখের ওষুধের এবং প্যারেন্টেরাল ওষুধের একটি উপাদান।

# টীকার পার্শ্ব প্রতিক্রিয়াগুলি কী কী?

সমস্ত টীকার মতো, কোভিড-১৯ টীকা পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, যদিও প্রত্যেকের সেই অভিজ্ঞতা হয় না এবং যাদের অভিজ্ঞতা হয় তারা বেশিরভাগ সময়ই ছোটখাটো পার্শ্ব প্রতিক্রিয়ার রিপোর্ট করে থাকে। কোভিড-১৯ টীকা নেওয়ার পরে যেই সব পার্শ্ব প্রতিক্রিয়াগুলির সর্বাধিক রিপোর্ট পাওয়া গেছে সেগুলো হ'ল শরীরের বিভিন্ন জায়গায় স্থানীয় প্রতিক্রিয়া যেমন ইনজেকশন সাইটে ব্যথা, লাললাল ভাব বা ফোলা; ক্লান্তি, মাথাব্যথা, মাংসপেশীতে ব্যথা, গাঁটে ব্যথা, শীতশীত লাগা এবং হালকা জ্বর হওয়া।

এই কোভিড-১৯ টীকাগুলির উপর চলমান গবেষণাগুলি ইঙ্গিত করছে যে আজ পর্যন্ত পাওয়া যাওয়া গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়াগুলি **অত্যন্ত বিরল**। যেই ব্যক্তিরা এই গবেষণায় অন্তর্ভুক্ত হয়ে টীকা পেয়েছেন তাদের দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়ার ব্যাপারে পর্যবেক্ষণ চালু রয়েছে।

কোনো গুরুতর এলার্জি প্রতিক্রিয়ার মোকাবিলা করতে ক্লিনিকের কর্মীরা প্রস্তুত থাকেন, যদি সেটা ঘটে। **যদি আপনার প্রথম ডোজের পরে কোনও পার্শ্ব প্রতিক্রিয়া হয়ে থাকে**, তাহলে আপনার কোভিড-১৯-এর দ্বিতীয় ডোজ গ্রহণ করার সময়, **যেই স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে দ্বিতীয় ডোজটি দিচ্ছেন উনাকে সেটি বলবেন**।

অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ড টীকা করণের পরে রক্ত জমাট বাঁধার একটি বিরল ধরনের সমস্যা খুবই কম দেখা গেছে। ডাক্তাররা এই সমস্যাটির নাম দিয়েছেন "ভ্যাকসিন-প্ররোচিত প্রোথ্রোম্বোটিক ইম্মিউন থ্রম্বোসাইটোপেনিয়া"(VIPIT)। এই রক্ত জমাট বাঁধার দুটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য আছে: এগুলি টীকা দেওয়ার ৪ থেকে ২০ দিন পরে ঘটে, এবং এটি কম প্লেটলেটের সমস্যার সাথে যুক্ত (প্লেটলেট হোল ক্ষুদ্র রক্ত কণিকা যা রক্তপাত বন্ধ করতে রক্ত জমাট বাঁধাতে সহায়তা করে)। VIPIT সমস্যাটি প্রায়ই বিরল, প্রতি ১২৫,০০০ মানুষের মধ্যে ১ জনের থেকে ১ মিলিয়ন মানুষের মধ্যে ১ জনের হতে পারে। এটি ৫৫ বছরের কম বয়সী মহিলাদের মধ্যে সাধারণত দেখা যাচ্ছে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে দেখুন VIPIT অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯ টীকা অনুসরণ করছে।

হেলথ কানাডা এটি মূল্যায়ন করেছে এবং নির্ধারণ করেছে যে কোভিড-১৯ থেকে কানাডিয়ানদের রক্ষা করার ক্ষেত্রে অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ড টীকাগুলির সুবিধাগুলি এই সমস্যাটা হওয়ার ঝুঁকি থেকে বেশী দরকারী। রক্ত জমাট বাঁধার সমস্যাটা হামেশাই ঘটে, বিশেষত বয়স্ক ব্যক্তিদের মধ্যে। কোভিড-১৯ রোগটিই রক্ত জমাট বাঁধার সমস্যার সাথে যুক্ত, তাই অতীতে যাদের রক্ত জমাট বেঁধেছিল, অথবা যাদের রক্ত জমাট বাঁধার সমস্যা পারিবারিক ইতিহাসে রয়েছে এবং যারা রক্ত পাতলা করার ওষুধ খান, তাদের জন্য সবগুলি কোভিড-১৯ টীকা সুপারিশ করা অব্যাহত রয়েছে।

## আমার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কখন ফোন করা উচিত?

আপনি যদি পার্শ্ব প্রতিক্রিয়া অনুভব করেন যা আপনাকে উদ্বিগ্ন করে বা কিছু দিন পরে পার্শ্ব প্রতিক্রিয়াটি চলে যাচ্ছে না বলে মনে হয়, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন বা চিকিৎসা করান।
টীকা নেওয়ার তিন দিনের মধ্যে নিম্নলিখিত কোনও বিরূপ পার্শ্ব প্রতিক্রিয়া দেখা গেলে নিকটতম **এমারজেন্সি ডিপার্টমেন্টে যান অথবা 911 নম্বরে কল করুন**:

- আমবাতের মত চর্মরোগ (hives) হয়
- মুখমণ্ডল বা মুখগহ্বর ফুলে যায়
- শ্বাস-প্রশ্বাস নিতে কষ্ট হয়
- গায়ের রঙ খুব ফ্যাকাশে হয়ে যায় এবং প্রচণ্ড তন্দ্রাভাব
- খুব বেশী জ্বর (over 40°C/৪০°সেন্টিগ্রেড-এর বেশি)
- শরীরে খিঁচুনি বা তড়কা লাগে (convulsions or seizures)
- অন্যান্য গুরুতর লক্ষণ (যেমন, ঝিঁ ঝিঁ ধরা বা শরীরে অবশতা)

আপনি যদি অ্যাস্ট্রাজেনেকা/কোভিশিল্ড টীকা পেয়ে থাকেন এবং টীকা পাওয়ার পরে আপনি নিম্নলিখিত কোনও লক্ষণ দেখতে পান, তবে **দয়া করে তাৎক্ষণিক চিকিৎসা করান**:

- শ্বাসকষ্ট
- বুকে ব্যথা
- হাত বা পা ফুলে যায় বা ঠাণ্ডা হয়ে যায়
- পেটে ব্যথা যার উপশম হয় না
- প্রচণ্ড বা বেশী মাথাব্যথা বা ঝাপসা দৃষ্টি

- একাধিক ছোট ছোট কালশিটে দাগ, লাল বা বেগুনি দাগ বা চামড়ার নীচে রক্তের ফোস্কা

আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে বা বিরূপ পার্শ্ব প্রতিক্রিয়ার ব্যাপারে রিপোর্ট করতে আপনার স্থানীয় জনস্বাস্থ্য ইউনিটের সাথেও যোগাযোগ করতে পারেন।

## দ্বিতীয় ডোজের জন্য আমাকে কখন ফিরে আসতে হবে?

যদি এটি আপনার কোভিড-১৯ টীকার প্রথম ডোজ হয় তবে টীকাকরণ ক্লিনিক বা স্বাস্থ্যসেবা সরবরাহকারী যে আপনাকে আপনার প্রথম ডোজ সরবরাহ করেছিল তাদের নির্দেশ অনুযায়ী আপনার দ্বিতীয় ডোজের জন্য ফিরে যেতে ভুলবেন না। এটি গুরুত্বপূর্ণ যে আপনি টীকার দুটি ডোজ পান কারণ ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ গ্রহণ না হওয়া পর্যন্ত কোভিড-১৯ এর বিরুদ্ধে সুরক্ষা সর্বোত্তম হয় না। আপনি যখন আপনার দ্বিতীয় ডোজের জন্য আসবেন তখন আপনার টিকাকরণের রেকর্ডটা সঙ্গে আনবেন। **প্রথম ডোজ নেওয়ার পরে পার্শ্ব প্রতিক্রিয়ার অভিজ্ঞতা হওয়া সত্ত্বেও আপনার দ্বিতীয় ডোজটি নেওয়া খুবই গুরুত্বপূর্ণ।**

## আমার কোন প্রশ্ন থাকলে কার সাথে যোগাযোগ করব?

আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে দয়া করে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা যিনি টীকাটি দিচ্ছেন সেই ব্যক্তির সাথে কথা বলুন।